



Memo No. 7263.04.2020-21/453

Date: 26th August, 2021

টিউশন ফি ওয়েভার সম্পর্কিত নোটিশ

এতদ্বারা সকল প্রোগ্রাম ও বিভাগের সকল পর্বের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা মহামারীকালীন সময়ে শিক্ষার্থীদের আর্থিক অবস্থা বিবেচনা করে জানুয়ারি-জুন ২০২০ সেশন থেকে টিউশন ফি'র উপর ২০% ওয়েভার প্রদান করা হচ্ছে। যেহেতু মহামারী অবস্থা এখনো চলমান, তাই জুলাই-ডিসেম্বর ২০২১ সেশনে মিডটার্ম পরীক্ষায় (বাই সেমিস্টারের শিক্ষার্থীদের) এবং সেমিস্টার ফাইনাল পরীক্ষায় (ট্রাইমিস্টারের শিক্ষার্থীদের) অংশগ্রহণের ক্ষেত্রেও ২০% ওয়েভার অব্যাহত থাকবে। তবে, যেসকল শিক্ষার্থী পূর্বে বিভিন্ন হারে ওয়েভার প্রাপ্ত হয়েছে এবং করোনা মহামারীকালীন সময়ে বিশেষ ছাড়ে ভর্তি হয়েছে, এসকল শিক্ষার্থীরা এই ওয়েভারের আওতাভুক্ত হবেনা।

প্রকাশ থাকে যে, সরকারের ঘোষণা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের অন ক্যাম্পাস কার্যক্রম চালু হলে ২০% ওয়েভারের সুবিধাটি আপনা আপনি বাতিল হয়ে যাবে।

আগামী ১৫ সেপ্টেম্বর, ২০২১ থেকে অনুষ্ঠিতব্য মিডটার্ম/সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগামী ১০ সেপ্টেম্বর, ২০২১ এর মধ্যে বকেয়া টিউশন ফি পরিশোধ করার জন্য আহ্বান জানানো যাচ্ছে।

চলমান সেমিস্টার ব্যতীত পূর্ববর্তী কোনো সেমিস্টারসমূহের বকেয়ার ক্ষেত্রে ওয়েভার সুবিধা থাকবে না।

টিউশন ফি পরিশোধের নিয়ম

১. যথাযথ স্বাক্ষরবিধি মেনে সরাসরি ক্যাম্পাসে এসে পরিশোধ করা যাবে।

২. মোবাইল ব্যাংকিং এর নিম্নোক্ত নম্বরগুলোর মাধ্যমে পরিশোধ করা যাবে

বিকাশ পার্সোনাল-	০১৭১৫-৪৫১৫৯৯	(Use Send Money option)
বিকাশ মার্চেন্ট একাউন্ট-	০১৮২০-৪১৯৩৪০	(Use Payment option)
নগদ বিলার একাউন্ট-	১১৬৮	(Use Bill Pay Option)
রকেট বিলার একাউন্ট-	৩০৯৭	(Use Pay bill option)

মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টিউশন ফি পরিশোধের পর ০১৮৮৮-০৪৩৩৫২ নম্বরে SMS করে শিক্ষার্থীর নাম, আইডি নম্বর, প্রেরিত টাকার পরিমাণ ও Whatsapp/IMO নম্বর প্রেরণ করলে প্রেরিত Whatsapp বা IMO নম্বরে মানি রিসিট প্রেরণ করা হবে।

বকেয়া টিউশন ফি'র পরিমাণ জানার জন্যে স্ব স্ব আইএমএস একাউন্টে অথবা ০১৮৮৮-০৪৩৩৫২ (রুমি ম্যাম) বা ০১৮৮৮-০৪৩৩৫১ (তিথি ম্যাম) এর নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

(অধ্যাপক ড. প্রকৌ. মো. শাহ জাহান)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

কোটবাড়ি, কুমিল্লা